# মেডিকেইডের পাওনা পরিশোধের তথ্য প্রকাশের সম্মতি সংক্রান্ত বার্ষিক নোটিফিকেশন

ডিপার্টমেন্ট অভ এডুকেশন শিক্ষার্থীদের প্রদত্ত কিছু কিছু পরিষেবা, যেমন আপনার সন্তানের ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্ল্যানের (IEP) জন্য বাড়তি অর্থায়ন লাভ করতে পারে। আমাদের স্কুল যাতে এই অর্থায়ন লাভ করে সেজন্য আপনি এর আগে একটি সম্মতিপত্রে স্বাক্ষর করেছিলেন (1) স্টেট এবং ফেডারেল মেডিকেইড কর্মসূচিগুলি আপনার সন্তানের বিশেষ শিক্ষা রেকর্ডে প্রবেশ করে তার বিশেষ শিক্ষা মূল্যায়ন, কর্মসূচি ও পরিষেবা সম্পর্কিত ব্যক্তিগতভাবে শনাক্ত যোগ্য তথ্য সংগ্রহ করবে এবং (2) এসব পরিষেবার মূল্য আপনার মেডিকেইড বেনিফিট থেকে আদায় করে নেবে। আপনাকে বার্ষিক নোটিফিকেশনের এই চিঠি দ্বারা মনে করিয়ে দেয়া হচ্ছে যে ইতিপূর্বে এই সম্মতিপত্র স্বাক্ষরের মাধ্যমে আপনি বুঝেছেন এবং সম্মত হয়েছেন যে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন আপনার সন্তানকে বা তার তরফে প্রদত্ত বিশেষ শিক্ষা পরিষেবার ব্যয় পরিশোধের জন্য আপনার সন্তানের সরকারি সুবিধাদি বা বিমা থেকে অর্থ গ্রহণ করতে পারে।

আমাদের পাবলিক স্কুলগুলি আমাদের শিক্ষার্থীদের প্রদত্ত গুরুত্বপূর্ণ সহায়তাসমূহের জন্য যত বেশি সম্ভব অর্থায়ন যাতে লাভ করে সেজন্য সহায়তা করায় আপনাকে ধন্যবাদ।

---

**স্টেট ও ফেডারেল মেডিকেইড কর্মসূচিগুলোকে আমার সন্তান সম্পর্কিত কোন তথ্য প্রদান করা হবে?**

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (NYC DOE) আপনার সন্তানের বিশেষ শিক্ষা মূল্যায়ন ও তাকে প্রদত্ত পরিষেবাগুলির তথ্য প্রদান করবে। এই তথ্যের মধ্যে থাকতে পারে আপনার সন্তানের IEP, অগ্রগতির নোট, উপস্থিতির তথ্য, মূল্যায়ন ও পরিষেবা সম্পর্কিত মূল্যায়ন এবং অন্যান্য রেকর্ড ও তথ্য।

**আমার বা আমার পরিবারকে কি এজন্য কোনও ব্যয় বহন করতে হবে?**

আপনাকে বা আপনার পরিবারকে কোনও ব্যয় বহন করতে হবে না। এসব পরিষেবার কোনও সুবিধার জন্য আপনাকে কোনও ব্যয়, প্রিমিয়াম, খরচ বা কো-পেমেন্ট বহন করতে হবে না। আপনার সন্তানকে স্কুলে বা স্কুলের বাইরে যেসব পরিষেবা দেয়া হয় সেগুলো কোনও অবস্থাতেই ক্ষতিগ্রস্ত হবে না। যদি আপনার সন্তান মেডিকেইড সুবিধা পায়, আপনার সুবিধা বাতিল হবে না, বিদ্যমান জীবনব্যাপী সুবিধা হ্রাস হবে না এবং আপনার পরিবার যেসব পরিষেবা পাচ্ছে সেগুলো মেডিকেইড সুবিধা পাবার কারণে কোনোভাবে ক্ষতিগ্রস্ত হবে না। আপনার সন্তানের IEP-তে উল্লিখিত পরিষেবাগুলো লাভ করার জন্য আপনাকে মেডিকেইডে সাইন আপ বা এনরোল করতে হবে না। আপনার মোট স্বাস্থ্য-সংক্রান্ত ব্যয়ের ভিত্তিতে আপনি যদি বাড়ি বা কমিউনিটিতে কোনও সুবিধা লাভ করেন, তাহলে আপনার সেগুলোর যোগ্যতা হারানোর ঝুঁকিও নেই।

**আমি NYC DOE-কে আমার সন্তানের তথ্য সংগ্রহ করে মেডিকেইড কর্মসূচিতে পাওনা দাবি করার ব্যাপারে আমার মত বদলে সম্মতি বাতিল করতে পারি কি?**

হ্যাঁ - আপনি যেকোনো সময়ে এই সম্মতির ব্যাপারে আপনার মত পরিবর্তন করতে পারেন। এই সিদ্ধান্ত পরিবর্তনের জন্য, আপনার সন্তানের স্কুলে যোগাযোগ করুন এবং একটি নতুন মেডিকেইড সম্মতি ফর্ম সংগ্রহ করে পূরণ করুন। আপনি পরে কোনও এক তারিখে আপনার সম্মতি প্রত্যাহার করে নিলেও, NYC DOE-কে তা সত্ত্বেও আপনার সন্তানকে স্পেশাল এডুকেশন ও পরিষেবা প্রদান করতে হবে যার জন্য আপার কোনও খরচ হবে না।